২০

দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JAN 1996

পৃষ্ঠা ১২ কলাম ৫

# নির্দেশ অমান্য করিয়া বিএম কলেজে ভর্তি পরীক্ষার আয়োজন

বরিশাল অফিস ।। শিক্ষা মন্ত্রণালয় কলেজে ভর্তি পরীক্ষা বাতিল করিয়া পাবলিক পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করিয়া ভর্তির ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিলেও সরকারী বি, এম, কলেজ ঐ নির্দেশ মানে নাই। সম্মান কোর্সে ভর্তির জন্য কলেজ কর্তৃপক্ষ নির্বাচনী পরীক্ষার আয়োজন করিয়াছে। ২২শে জানুয়ারী হইতে ১লা ফেব্রুয়ারী পর্যন্ত বিভিন্ন বিভাগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এজন্য ভর্তিচ্ছুদের ৫০ টাকা করিয়া ফি প্রদানের নির্দেশ দেওয়া হইয়াছে। মন্ত্রণালয় শিক্ষার্থীদের আর্থিক সুবিধার জন্য ফরমের মূল্য এ বছর ১০ টাকা ধার্য করিয়াছে। নির্বাচনী পরীক্ষা গ্রহণ নিষিদ্ধ করার সাথে সাথে ফি আদায়ও নিষিদ্ধ হইয়াছে। এব্যাপারে কলেজ অধ্যক্ষের সাথে বারবার যোগাযোগের চেষ্টা করিয়াও তাহাকে পাওয়া যায় নাই।